

## উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন স্ট্যাডিং কমিটির সভার কার্যবিবরণীঃ

সভার তারিখঃ ৩০/০৫/২০২২ খ্রি.

সভার সময়ঃ বেলা ১১.০০ মি.

সভাপতিঃ ওয়াহিদুর রহমান  
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ  
শ্রীনগর, মুন্সীগঞ্জ।

উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন স্ট্যাডিং কমিটির সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী/আপত্তি না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত হয়। অতঃপর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ের সার্বিক কার্যক্রম পর্যালোচনাসহ ও কাজকর্মের অগ্রগতির লক্ষ্যে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

১। প্রশিক্ষণঃ সভায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান সকলের সহযোগিতায় অত্র উপজেলা বেকার যুবগণ হতে নিয়মিতভাবে যুব প্রশিক্ষণ কেন্দ্র, মুন্সীগঞ্জে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ গ্রহণ করছে। তাছাড়া অত্র উপজেলার বিভিন্ন গ্রামে আগ্রহী বেকার যুবদের অপ্রাতিষ্ঠানিক বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ পরিচালনা করা হচ্ছে। সভায় শ্রীনগর উপজেলা পরিষদের চেয়ারম্যান তার শ্রীনগর ইউনিয়নের বেকার যুবদের প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে কিনা জানতে চান। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, দেউলভোগ গ্রামে ০২ ব্যাচে ৬০ জন বেকার যুবদের সেলাই বিষয়ক প্রশিক্ষণ ইতিমধ্যে সম্পন্ন করা হয়েছে। আগামী অর্থবছরে মুন্সীগঞ্জ যুব প্রশিক্ষণ কেন্দ্রে ০৩/০৬ মেয়াদী সেলাই, হাঁস-মুরগীপালন, মৎস্য চাষ এবং বেসিক কম্পিউটার বিষয়ক প্রশিক্ষণসহ অন্যান্য ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ গ্রহণে যুবদের উৎসাহিত করার জন্য উপস্থিত সকলকে অনুরোধ করেন।

২। ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন, অত্র উপজেলায় বেকার যুবদের মাঝে যুব উন্নয়ন অধিদপ্তরের ঋণ নিয়মিতভাবে বিতরণ হচ্ছে; ইতিমধ্যে ঋণ বিতরণের টার্গেট ৯০% অর্জিত হয়েছে এবং বর্তমানে আদায়ের হার সন্তোষজনক। সভায় সভাপতি জনাব ওয়াহিদুর রহমান বলেন, কোভিড-১৯ এর কারণে ক্ষতিগ্রস্ত প্রকল্পধারী যুবদের যুব উন্নয়ন অধিদপ্তর কোন প্রণোদনার ব্যবস্থা গ্রহণ করেছে কিনা? এ প্রসঙ্গে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন, ক্ষতিগ্রস্ত যুব ঋণীদের প্রকল্প সরেজমিন পরিদর্শন করে সার্ভিস চার্জ মওকুফ করাসহ প্রণোদনা দেয়ার সুপারিশ করে ক্ষতিগ্রস্তদের তালিকা মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকায় প্রেরণ করা হয়েছে। কিন্তু অদ্যাবধি কোন সিদ্ধান্ত পাওয়া যায় নাই। কমিটির সদস্যগণ খেলাপী ঋণ আদায়ে তাদের সহযোগিতা নেয়ার জন্য অফিসের কর্মকর্তা/কর্মচারীদের অনুরোধ জানান। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা খেলাপী ঋণ আদায়ে সহযোগিতা করার আশ্বাস দেয়ার জন্য উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

পরিশেষে আর বিশেষ কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



( ওয়াহিদুর রহমান )

সভাপতি

উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন স্ট্যাডিং কমিটি

ও

ভাইস চেয়ারম্যান


উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ।

স্মারক নং- ৩৪.০১.৫৯৮৪.০০০.০৬.০১১.১৪- ৫৭

তারিখঃ ৩০/০৫/২০২২ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ
- ২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, মুন্সীগঞ্জ
- ৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, শ্রীনগর, মুন্সীগঞ্জ
- ৪। সংশ্লিষ্ট নথি।

  
(মোঃ আবদুল বাকী)  
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা  
শ্রীনগর, মুন্সীগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
শ্রীনগর, মুন্সীগঞ্জ।

স্মারক নং- ৩৪.০১.৫৯৮৪.০০০.০৬.০১১.১৪- ৫২

তারিখঃ ২৪/০৫/২০২২ খ্রি.


“সভার নোটিশ”

আগামী ৩০/০৫/২০২২ খ্রি. সোমবার বেলা ১১.০০ ঘটিকায় শ্রীনগর উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন স্ট্যাডিং কমিটির সভা শ্রীনগর উপজেলা পরিষদ সভাকক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব ওয়াহিদুর রহমান, ভাইস চেয়ারম্যান, শ্রীনগর উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ।

উক্ত সভায় স্ট্যাডিং কমিটির সকল সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

আলোচ্যসূচীঃ

- ১। যুবদের প্রশিক্ষণ ও অন্যান্য সেবা
- ২। ঋণ বিতরণ ও আদায় সংক্রান্ত
- ৩। বিবিধ।



(মোঃ আবদুল বাকী)

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

ও

সদস্য সচিব

উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন স্ট্যাডিং কমিটি  
শ্রীনগর, মুন্সীগঞ্জ।

স্মারক নং- ৩৪.০১.৫৯৮৪.০০০.০৬.০১১.১৪- ৫২

তারিখঃ ২৪/০৫/২০২২ খ্রি.

সদয় জ্ঞাতার্থেঃ-

- ১। মাননীয় সংসদ সদস্য, মুন্সীগঞ্জ-১
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, শ্রীনগর, মুন্সীগঞ্জ।

অনুলিপি সদয় কার্যার্থেঃ-

- ১। ভাইস চেয়ারম্যান ও সভাপতি, উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন স্ট্যাডিং কমিটি, উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ
- ২। উপজেলা সমবায় কর্মকর্তা, শ্রীনগর, মুন্সীগঞ্জ
- ৩। চেয়ারম্যান, শ্রীনগর/শ্যামসিদ্ধি ইউনিয়ন পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ
- ৪। সংশ্লিষ্ট নথি।





(মোঃ আবদুল বাকী)

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা  
শ্রীনগর, মুন্সীগঞ্জ।

তারিখ : ৩০/০৫/২০২২ খ্রি.

উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক স্ট্যাডিং কমিটির সভায় উপস্থিত সদস্যদের হাজিরা সীট :

ক্রমিক নং	নাম, পদবী	স্বাক্ষর
	<b>ওয়াহিদুর রহমান</b> ভাইস চেয়ারম্যান শ্রীনগর উপজেলা পরিষদ, মুন্সিগঞ্জ	
	স্বাঃ মঈনুদ্দীন রহমান স্বাক্ষরতা পরিদেপ্তার উপজেলা প্রশাসন, মুন্সিগঞ্জ	
	স্বাঃ আবদুল বাকি উপজেলা যুব উন্নয়ন স্বাক্ষরতা শ্রীনগর, মুন্সিগঞ্জ	